বাংলা

প্রশ্নপত্র—I

(সাহিত্য)

সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

BENGALI

PAPER—I

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

Please read each of the following instructions carefully before attempting questions

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION—A

1. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের শাখাগুলির নাম লিখুন। এই প্রসঙ্গে ইন্দো-ইরানীয় শাখাটির পরিচয় দিন। 5+5=10

(b) বাংলায় ব্যবহৃত স্ত্রী-প্রত্যয়গুলির পরিচয় দিন। 10

(c) রাঢ়ী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে ব্যবহৃত হয়? এই উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 2+8=10

(d) স্বরাগম বলতে কী বোঝায়? বাংলায় কতভাবে স্বরাগম হয় তা উদাহরণসহ আলোচনা করুন। 2+8=10

(e) বাংলা শব্দভাণ্ডারকে কয়টি ভাগে ভাগ করা যায়? মৌলিক শব্দ বলতে কী বোঝায়, উদাহরণসহ আলোচনা করুন। 2+8=10

2. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সাধু গদ্যরীতি কাকে বলে তা উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। চলিত গদ্যের সঙ্গে প্রতিযোগিতায় সাধু গদ্যকে কেন পিছু হটতে হল সে বিষয়ে আপনার অভিমত জানান। 10+10=20

(b) কারকের সঙ্গে বিভক্তির সম্পর্ক নির্ণয় করুন। উদাহরণসহ প্রতিটি কারকের বিভক্তির উল্লেখ করুন। 5+10=15

(c) রোমীয় বর্ণমালা (Roman Alphabet) কাকে বলে? বাংলা ভাষা রোমীয় বর্ণমালায় লেখা আপনি সমর্থন করেন কিনা, যুক্তিসহ আলোচনা করুন। 5+10=15

3. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) আদি-মধ্য বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করুন। এই ভাষার সাহিত্যিক নিদর্শন কোথায় মেলে? এই ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন। 2+2+8+8=20

(b) বাংলা পদগুলিকে কয়টি ভাগে ভাগ করা যায়? ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্যপদের শ্রেণিবিভাগ করুন। 5+10=15

(c) বাংলা ভাষায় একই বানানের বিভিন্ন রূপ (যেমন—বাঙালী—বাঙালি, পাখী—পাখি, পুলিশ—পুলিস) পড়ুয়াদের মনে বিভ্রান্তির সৃষ্টি করে। এই সমস্যার সমাধান কীভাবে সম্ভব বলে আপনি মনে করেন? 15

Optional Province · optionalprovince.com

4. নিম্নলিখিত প্রতিটি বিষয় সম্পর্কে আলোচনা করুন : 10×5=50

(a) বাংলায় আগন্তুক শব্দ 10

(b) দন্ত্য ধ্বনি ও ওষ্ঠ্য ধ্বনি 5+5=10

(c) মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য 10

(d) সাদৃশ্য ও তার প্রভাব 10

(e) ঝাড়খণ্ডী উপভাষা 10

SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) প্রাচীন বাংলা সাহিত্যের সময়সীমা নির্দেশ করুন। এই সময়কালে রচিত বাংলা সাহিত্যে তখনকার সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন। 2+8=10

(b) বাংলায় লেখা চৈতন্যজীবনী কাব্যগুলির নাম লিখুন। এগুলির মধ্যে যেটিকে আপনি শ্রেষ্ঠ মনে করেন সেটি সম্পর্কে আলোচনা করুন। 4+6=10

(c) বাংলা মঙ্গলকাব্য উদ্ভবের সমাজ-রাজনৈতিক প্রেক্ষাপট আলোচনা করুন। 10

(d) বাংলা গদ্যের ক্রমবিকাশে অক্ষয়কুমার দত্তের অবদান বিচার করুন। 10

(e) দীনবন্ধু মিত্রের নাটকগুলির নাম উল্লেখ করে বাংলা নাট্যসাহিত্যে তাঁর কৃতিত্ব দেখান। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলায় 'ভাগবত' কে প্রথম অনুবাদ করেন? কাব্যটির পরিচয় দিন। বাংলায় 'ভাগবত' অনুবাদ জনপ্রিয় না হওয়ার কারণ নির্ণয় করুন। 2+8+10=20

(b) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসের মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। 15

(c) ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা যায় কিনা, বিচার করুন। 15

Optional Province · optionalprovince.com

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) আরাকান রাজসভার সাহিত্যের বৈশিষ্ট্য নির্ণয় করে আলাওলের রচনায় তার প্রতিফলন দেখান। 20

(b) বাংলা উপন্যাস-সাহিত্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদানের পরিচয় দিয়ে তাঁকে বাংলার সবচেয়ে জনপ্রিয় ঔপন্যাসিক বলা যায় কিনা, লিখুন। 15

(c) গণনাট্য সংঘের উদ্ভবের পটভূমি আলোচনা প্রসঙ্গে বিজন ভট্টাচার্যের কৃতিত্বের পরিচয় দিন। 15

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সমকালীন অন্যান্য মহিলা ঔপন্যাসিকদের সঙ্গে তুলনা করে আশাপূর্ণা দেবীর স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য আলোচনা করুন। 20

(b) বাংলা প্রবন্ধ-সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্বের পরিচয় দিন। 15

(c) বিহারীলাল চক্রবর্তীকে আধুনিক বাংলা গীতিকবিতার জনক বলা যায় কিনা, বিচার করুন। 15

★ ★ ★

Optional Province · optionalprovince.com